



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

তারিখঃ ১৩.১১.২০১৯ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন এর সাথে জাতীয় স্নাতক গনিত অলিম্পিয়াডে বিজয়ী গনিত বিভাগের ৫ শিক্ষার্থীর সৌজন্য সাক্ষাত

১১ তম জাতীয় স্নাতক গনিত অলিম্পিয়াড বরিশাল আঞ্চলিক পর্বে বরিশাল বিশ্ববিদ্যালয়ের গনিত বিভাগের ৫ শিক্ষার্থী পুরস্কার লাভ করেছেন। অদ্য ১৩ নভেম্বর ২০১৯ তারিখ দুপুর ১২ টায় বিজয়ী শিক্ষার্থীরা মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন এর সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। মাননীয় উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের অভিনন্দন জানান এবং তাদের এ ধরনের সহশিক্ষামূলক কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। এ সময় গনিত বিভাগের সহকারী অধ্যাপক হেনা রানী বিশ্বাস উপস্থিত ছিলেন। উল্লেখ্য, গত ৮ নভেম্বর ২০১৯ তারিখ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১১তম জাতীয় স্নাতক গনিত অলিম্পিয়াড বরিশাল আঞ্চলিক পর্ব অনুষ্ঠিত হয়। এতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ৪৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। এছাড়াও প্রতিযোগীতায় পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ বরিশাল অঞ্চলের স্নাতক পর্যায়ের বিভিন্ন কলেজের শিক্ষার্থীরাও অংশগ্রহণ করেন। প্রতিযোগীতায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের গনিত বিভাগে ৫ জন শিক্ষার্থী যথাক্রমে ৪ৰ্থ বর্ষের হাচনাইন আহমেদ ১ম স্থান, একই বর্ষের শশাঙ্ক বিশ্বাস ৩য় স্থান, ৩য় বর্ষের প্রতিভা গুপ্ত ৫ম স্থান, একই বর্ষের মোঃ সাবিব হোসেন ৭ম স্থান এবং ২য় বর্ষের নূর জাহাঙ্গীর মুন ৮ম স্থান অধিকার করেন। প্রতিযোগীতায় বিজয়ীদেরকে ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়। এবারের গনিত অলিম্পিয়াডে ১০টি পুরস্কারের মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের গনিত বিভাগের শিক্ষার্থীরাই ৫টি পুরস্কার অর্জন করেন। ইতোপূর্বেও বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এ ধরনের বিভিন্ন প্রতিযোগীতায় অংশ নিয়ে বিশ্ববিদ্যালয়ের জন্য সম্মান বয়ে নিয়ে আসেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)
জনসংযোগ অফিস